গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০২৮.১৫-৪৩০ তারিখঃ ০১/১১/২০১৫খ্রিঃ

## মতামতের জন্য ২য় নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতি ও মতামতের জন্য প্রস্তাবিত "অর্পিত সম্পত্তি তহবিল ব্যবস্থাপনা নীতিমালা"র খসড়া বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে **(www.minland.gov.bd)** এতদ্বারা প্রকাশ করা হলো। আগামী ৩০/১১/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে উক্ত খসড়া নীতিমালার উপর সুচিন্তিত মতামত ও পরামর্শ সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর লিখিতভাবে ডাকযোগে অথবা ই-মেইলে **(kamrulhasan58@yahoo.com)** প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৪। সচিব, ................................... মন্ত্রণালয়/বিভাগ ................................. ঢাকা।
৫। চেয়ারম্যান, ভূমি আপিল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৬। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
৭। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব/ অতিরিক্ত সচিব (প্রশাসন)/(উন্নয়ন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। বিভাগীয় কমিশনার, .................................... (সকল) বিভাগ।
১০। যুগ্মসচিব, .......................................... (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা।
১২। উপসচিব ........................................, (সকল), ভূমি মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। জেলা প্রশাসক,...................................... (সকল)।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়। ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য।

**খসড়া নীতিমালাঃ মতামত প্রদানের জন্য ওয়েবসাইডে প্রকাশ হইল**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ভূমি মন্ত্রণালয়**

**(আইন অধিশাখা-৪)**

www.minland.gov.bd

**প্রজ্ঞাপন**

---- ভাদ্র, ১৪২২বাংলা

--- সেপ্টেম্বর, ২০১৫খ্রিঃ

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০২৮.১৫- তারিখঃ

**বিষয় ঃ অর্পিত সম্পত্তি তহবিল ব্যবস্থাপনা নীতিমালা।**

১.০ শিরোনাম :

১.১ এই নীতিমালা অর্পিত সম্পত্তি তহবিল ব্যবস্থাপনা নীতিমালা নামে অভিহিত হইবে;

১.২ অতপর "নীতিমালা" বলিতে এই নীতিমালা বুঝাইবে;

২.০ সংজ্ঞা ঃ

২.১ **'আইন'** বলিতে 'অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (২০০১ সনের ১৬ নং আইন)'-কে বুঝাইবে;

২.২ **'বিধিমালা'** বলিতে 'অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন অনুযায়ী প্রাপ্ত সরকারি সম্পত্তি ব্যবস্থাপনা ও ইজারা বিধিমালা, ২০১৫' -কে বুঝাইবে; **(এখনও প্রস্তাবিত)**।

২.৩ "সরকার" বলিতে "ভূমি মন্ত্রণালয়"-কে বুঝাইবে;

২.৪ "কর্তৃপক্ষ" বলিতে ক্ষেত্রমতে ভূমি মন্ত্রণালয়ের সচিব, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কে বুঝাইবে।

২.৫ "অর্পিত সম্পত্তি" অর্থ অর্পিত সম্পত্তি আইনের অধীনে সরকারে ন্যস্ত সম্পত্তি;

২.৬ **'সরকারি সম্পত্তি'** বলিতে 'অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ২৬ অনুযায়ী প্রাপ্ত সরকারি সম্পত্তি'-কে বুঝাইবে;

২.৭ 'লীজ মানি" বলিতে অর্পিত সম্পত্তির একসনা ইজারা বন্দোবস্ত বাবদ এবং সরকারি সম্পত্তির একসনা, অস্থায়ী ও স্থায়ী ইজারা বাবদ আদায়কৃত অর্থ কে বুঝাইবে;

২.৮ "অন্যান্য আয়" বলিতে অর্পিত সম্পত্তি বা সরকারি সম্পত্তি লীজ মানি ব্যতীত অন্যান্য আয় বুঝাইবে ;

২.৯ "ভিপি কোড" বলিতে অর্পিত সম্পত্তির পি.ডি খাতে লীজ মানি বা অন্যান্য আয়ের টাকা **জমা প্রদানের কোড নম্বর বুঝাইবে যাহা বর্তমানে ৬-৪৬৩১-০০০০-৮৪২৩ ;** অর্থ মন্ত্রণালয় কর্তৃক পরিবর্তন করা হলে পরিবর্তিত নম্বর ইহার স্থলবর্তি হইবে;

২.১০"উত্তোলন কোড" বলিতে অর্পিত সম্পত্তির পি.ডি খাত হইতে টাকা উত্তোলনের কোড নম্বর বুঝাইবে : যাহা বর্তমানে ৭-৪৬৩১-০০০০-৯৪২৩ ; অর্থ মন্ত্রণালয় কর্তৃক পরিবর্তন করা হলে পরিবর্তিত নম্বর ইহার স্থলবর্তি হইবে;

২.১১ "কর্তন কোড" বলিতে অর্পিত সম্পত্তির আয় হইতে সম্মানী ভাতা পরিশোধ বা পারিশ্রমিক পরিশোধকালে নির্দিষ্ট অংশ কর্তন পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদানের কোড নম্বর বুঝাইবে যাহা বর্তমানে ১-৪৬০১-০০০১-২৬৮১ অর্থ মন্ত্রণালয় কর্তৃক পরিবর্তন করা হলে পরিবর্তিত নম্বর ইহার স্থলবর্তি হইবে;

২.১২ **"ব্যাংক হিসাব"** বলিতে উত্তোলন কোড হইতে টাকা উত্তোলন করিয়া এই নীতিমালা মোতাবেক জমা ও খরচের জন্য কর্তৃপক্ষের অনুমতিতে কোন সরকারি ব্যাংকে খোলা একাউন্ট বুঝাইবে;

২.১৩ "পি এল চেক বহি" বলিতে নিরীক্ষা ও হিসাব রক্ষণ কার্যালয় হতে প্রাপ্ত কাস্টডিয়ান/ডেপুটি কাস্টডিয়ান/এসিস্টেন্ড কাস্টডিয়ানের অনুকূলে প্রাপ্ত ব্যক্তিগত খতিয়ানের হিসাব সমূহের চেক বুঝাইবে;

২.১৪ "ভিপি ডিসিআর" বলিতে অর্পিত সম্পত্তি ও সরকারি সম্পত্তির (ভূমি ও বাড়ী) লীজ মানি আদায়ের রশিদ, একদা ব্যবহৃত "এইচ আর আর" বা বাড়ি ভাড়া আদায়ের রশিদ (অর্পিত সম্পত্তি ভূমি ও বাড়ী) ইহার অন্তর্ভুক্ত হইবে;

২.১৫ "সরকার নির্ধারিত হার" বলিতে অর্পিত সম্পত্তি লীজের জন্য সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত অর্পিত সম্পত্তির প্রকৃতি ও এলাকা ভেদে নির্ধারিত প্রযোজ্য হার বুঝাইবে;

২.১৬ "অর্পিত সম্পত্তির তহবিল" বলিতে কৃষি বা অকৃষি অর্পিত সম্পত্তি বা সরকারি সম্পত্তির একসনা ইজারা, স্থায়ী বা অস্থায়ী ইজারা হইতে প্রাপ্ত ও নির্ধারিত ভিপি কোডে জমাকৃত অর্থ বুঝাইবে;

৩.০। অর্পিত সম্পত্তি হইতে আয়

৩.১ অর্পিত সম্পত্তি (ভূমি ও বাড়ী) লীজের মাধ্যমে আয়ের সার্বিক দায়িত্ব ও নিয়ন্ত্রণ প্রতিটি সংশ্লিষ্ট জেলার সহকারি কাষ্টডিয়ানের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) নিশ্চিত করিবেন;

৩.২ উপজেলা পর্যায়ে সহকারি কমিশনার (ভূমি) এবং জেলা সদরের ক্ষেত্রে কালেক্টরেটের অর্পিত সম্পত্তি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/রেভিনিউ ডেপুটি কালেক্টর উক্ত দায়িত্ব পালনে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কে সহায়তা করিবেন।

৩.৩ অর্পিত সম্পত্তির লীজ মানি "ভিপি ডিসিআর" এর মাধ্যমে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কর্তৃক সরকার নির্ধারিত হারে আদায় করা হইবে।

৩.৪ আদায়কৃত লীজ মানি ভিপি কোডে (**কোড নম্বর : ৬-৪৬৩১-০০০০-৮৪২৩**) সরকারি কোষাগারে আদায়ের অনধিক ০৭(সাত) দিনের মধ্যে চালানের মাধ্যমে জমা দিতে হইবে।

৩.৫ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক তাঁহার জেলার অর্পিত সম্পত্তি হইতে আয় এবং উক্ত আয় পার্সোনাল ডিপোজিট একাউন্টে জমা ত্রৈমাসিক বিবরণী (জুলাই-সেপ্টেম্বর, অক্টোম্বর-ডিসেম্বর, জানুয়ারী-মার্চ ও এপ্রিল-জুন) যথাক্রমে অক্টোম্বর, জানুয়ারী, এপ্রিল ও জুলাই মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে ভূমি মন্ত্রণালয়ের অর্পিত সম্পত্তি শাখায় প্রেরণ করিতে হইবে।

৩.৬ প্রত্যেক জেলায় প্রতি অর্থ বছরে ভিপি কোডে জমাকৃত সমুদয় অর্থের জমার বিবরণী অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার প্রত্যয়নসহ ৩১শে জুলাই তারিখের মধ্যে ভূমি মন্ত্রণালয়ের অর্পিত সম্পত্তি শাখায় প্রেরণ করিতে হইবে।

৩.৭ ভূমি মন্ত্রণালয়ের অর্পিত সম্পত্তি শাখা কর্তৃক ৩১ শে আগষ্ট তারিখের মধ্যে পূর্ববর্তী অর্থ বছরে সমগ্র দেশের অর্পিত সম্পত্তির আয়ের দাবী ও আদায়ের চূড়ান্ত করিতে হইবে।

৪.০। অর্পিত সম্পত্তির তহবিল ঃ

৪.১ অর্পিত সম্পত্তির তহবিল ভূমি মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত হইবে।

৪.২ অর্পিত সম্পত্তির বাজেট অর্থছাড় এবং ব্যয় নিয়ন্ত্রণ এবং সার্বিক সকল ব্যবস্থাদি ভূমি মন্ত্রণালয় কর্তৃক নিয়ন্ত্রিত হইবে;

৫.০। অর্পিত সম্পত্তির তহবিল হইতে সাধারণ ব্যয়ঃ

অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা, লীজ প্রদান, লীজ মানি আদায়, এতদসংক্রান্ত দাপ্তরিক কার্যক্রম ও মামলা পরিচালনাসহ সংশ্লিষ্ট যাবতীয় আবশ্যকীয় ব্যয় অর্পিত সম্পত্তির তহবিল হইতে নির্বাহ করা হইবে; এতদসংক্রান্ত ব্যয়ের খাত নিম্নরূপ ঃ

ক. অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনার কাজে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের বেতন ভাতাদি

খ. অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনার কাজে নিয়োজিত কাস্টডিয়ান/ ডেপুটি কাস্টডিয়ান/ সহকারী কাস্টডিয়ান/ অন্যান্য কর্মকর্তা/ কর্মচারী/ ব্যক্তিগণের সম্মানীভাতা

গ. অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট আনুষঙ্গিক ব্যয়

ঘ. অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট প্রকাশনা

ঙ. অর্পিত সম্পত্তি সংক্রান্ত মামলা পরিচালনা ব্যয় ও বিজ্ঞ আইনজীবিদের পারিশ্রমিক

চ. অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনার স্বার্থে অফিস ভবন ভাড়া

ছ. সভা, সেমিনার, সিম্পোজিয়াম, আয়োজন

জ. প্রশিক্ষণ, কর্মশালা ইত্যাদি আয়োজন

ঝ. অর্পিত সম্পত্তি তহবিল হিসাব নিরীক্ষায় দায়িত্বপালনকারী কর্মকর্তাগণের সন্মানী ভাতা

৬.০ অর্পিত সম্পত্তির তহবিল হইতে উন্নয়ন ব্যয় ঃ

অর্পিত সম্পত্তির সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে ভূমি মন্ত্রণালয়ের অনুমোদন ও নিয়ন্ত্রণ সাপেক্ষে নিম্লোক্ত উন্নয়ন পরিকল্পনা অর্পিত সম্পত্তির তহবিল হইতে বাজেট বরাদ্দকৃত অর্থ দ্বারা বাস্তবায়ন করা যাইতে পারে, তবে শর্ত থাকে যে, সকল সাধারণ ও উন্নয়ন ব্যয় সমেত সমগ্র ব্যয় উক্ত তহবিলের শতকরা ২৮% ভাগের বেশি হইবে না। উন্নয়ন কর্মকান্ডের খাত নিম্নরূপ হইতে পারে ঃ

ক. অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনার স্বার্থে অফিস ভবন নির্মাণ

খ. অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনার সংশ্লিষ্ট অফিস সরঞ্জামাদি ক্রয়

গ. অর্পিত সম্পত্তির তহবিল দ্বারা আয় বর্ধক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন

ঘ. আয় বর্ধক প্রকল্প ও মেয়াদী আমানতে বিনিয়োগ

৭.০। অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা সংক্রান্ত বাৎসরিক বাজেট ঃ

৭.১ অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা সংক্রান্ত আয়-ব্যয়ের জন্য ভূমি মন্ত্রণালয়ের অর্পিত সম্পত্তি শাখা কর্তৃক প্রতি বৎসর ৩০ মে তারিখের মধ্যে পরবর্তী বৎসরের বাজেট প্রণয়ন করে সিনিয়র সচিব মহোদয়ের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

৭.২ প্রত্যেক সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর যৌথ স্বাক্ষরে প্রতি বৎসর প্রতি বৎসর ৩০ মে তারিখের মধ্যে পরবর্তী বৎসরের বাজেট প্রণয়ন করে সিনিয়র সচিব মহোদয়ের অনুমোদনের জন্য ভূমি মন্ত্রণালয়ের অর্পিত সম্পত্তি শাখায় দাখিল করিতে হইবে।

৭.৩ অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা সংক্রান্ত অনুমোদিত বাজেটভুক্ত যাবতীয় ব্যয় অর্পিত সম্পত্তি তহবিল হইতে নির্বাহ হইবে;

৭.৪ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক তাহার জেলার অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা সম্পর্কিত যাবতীয় ব্যয়ের ্য ত্রৈমাসিক বিবরণী (জুলাই-সেপ্টেম্বর, অক্টোম্বর-ডিসেম্বর, জানুয়ারী-মার্চ ও এপ্রিল-জুন) যথাক্রমে অক্টোম্বর, জানুয়ারী, এপ্রিল ও জুলাই মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে এবং ৩১ শে জুলাই তারিখের মধ্যে পূর্ববর্তী বৎসরের ব্যয় বিবরণী ভূমি মন্ত্রণালয়ের অর্পিত সম্পত্তি শাখায় প্রেরণ করিতে হইবে।

৭.৫ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সংশ্লিষ্ট জেলার এতদসংক্রান্ত বাৎসরিক বাজেট ও পূর্ববর্তী বৎসরের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী দাখিল সাপেক্ষে সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবরে নির্ধারিত ছকে চাহিদাপত্র দাখিল করিয়া তহবিল সংগ্রহ পূর্বক তাহা হইতে অনুমোদিত ব্যয় নির্বাহ করিবেন।

৭.৬ প্রত্যেক জেলার হিসাব রক্ষণ অফিস হইতে সংগৃহীত পিএল চেক বহি ভূমি মন্ত্রণালয়ে সংরক্ষিত থাকিবে। জেলা হইতে তহবিল সংগ্রহের জন্য চাহিদা পত্র পাওয়া গেলে অনুমোদিত অর্থ উক্ত চেকের মাধ্যমে সংশ্লিষ্ট জেলায় প্রদান করা হইবে।

৮.০ অর্পিত সম্পত্তির তহবিল পরিচালনা ঃ

৮.১ অর্পিত সম্পত্তির তহবিল হইতে ভূমি মন্ত্রণালয়ে 'ডিপুটি কাস্টডিয়ান অর্পিত সম্পত্তি ল্যান্ড এন্ড বিল্ডিং' নামে ঢাকা মহানগরীর সুবিধাজনক অবস্থানে সোনালী ব্যাংকের শাখায় একটি হিসাব খুলিয়া তাহা উপসচিব/যুগ্মসচিব অর্পিত সম্পত্তি শাখা এবং যুগ্মসচিব/অতিরিক্ত সচিব (আইন উইং) এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে। উক্ত ব্যাংক হিসাবে অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা বিষয়ে মন্ত্রণালয় পর্যায়ে অনুমোদিত বাৎসরিক বাজেটভুক্ত সম্ভাব্য সাধারণ ও উন্নয়ন ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থ পিডি খাত হইতে (কোড নম্বর : ৭-৪৬৩১-০০০০-৯৪২৩) উত্তোলন করিয়া জমা রাখা হইবে। ইহা হইতে সিনিয়র সচিব মহোদয়ের অনুমোদন মোতাবেক প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা যাইবে।

৮.২ প্রত্যেক সংশ্লিষ্ট জেলা সদরে সোনালী ব্যাংক শাখায় জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর যৌথ স্বাক্ষরে একটি চলতি হিসাব খোলা থাকিবে যাহাতে ভূমি মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট জেলার অনুকূলে বরাদ্দকৃত অর্থের পিএল চেকসমূহ জমা করিতে হইবে। অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা বিষয়ক জেলার অনুমোদিত বাজেটভুক্ত যাবতীয় ব্যয় এই ব্যাংক হিসাব হইতে চেকের মাধ্যমে পরিশোধ করিতে হইবে।

৮.৩ অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা সংশ্লিষ্ট জেলাসমূহের এতদসংক্রান্ত আয়-ব্যয় বাজেট বিবরণী পরিশিষ্ট ক খ, গ,ঘ,ঙ,চ মোতাবেক যথাসময়ে সংশ্লিষ্ট জেলার অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) কর্তৃক ভূমি মন্ত্রণালয়ে দাখিল করিতে হইবে।

৯.০ বিবিধ

৯.১ অর্পিত সম্পত্তি তহবিল হইতে জেলা ও মন্ত্রণালয় পর্যায়ে যাবতীয় ব্যয় সরকারি ক্রয় সংক্রান্ত প্রযোজ্য বিধি বিধান অনুসরণে নির্বাহ করা হইবে।

৯.২ ভূমি মন্ত্রণালয়াধীন হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) ও আওতাধীন অফিস নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে যথাক্রমে মন্ত্রণালয় পর্যায়ে এবং জেলা পর্যায়ে অর্পিত সম্পত্তির আয় ও ব্যয় নীরিক্ষাপূর্বক অর্থ বছরভিত্তিক বিবরণী ভূমি মন্ত্রণালয়ের সচিব বরাবরে দাখিল করিবেন।

পরিশিষ্ট তালিকা ঃ

পরিশিষ্ট ক : আয়-ব্যয়ের বার্ষিক বিবরণী ।

পরিশিষ্ট খ: ইজারামুল্য বার্ষিক দাবী বিবরণী ।

পরিশিষ্ট গ: ইজারামুল্য বার্ষিক আয়-ব্যয় বিবরণী ।

পরিশিষ্ট ঘ: অর্পিত সম্পত্তির বার্ষিক হিসাব বিবরণী

পরিশিষ্ট ঙ : হিসাব বিবরণীসহ চাহিদাপত্র দাখিল

পরিশিষ্ট চ : স্থিতি বিবরণী

*পরিশিষ্ট ক : আয়-ব্যয়ের বার্ষিক বিবরণী ।*

## ছক

অর্পিত সম্পত্তি সেলের ---------------------------- অর্থ বছরের আয়-ব্যয়ের হিসাব এবং বর্ষশেষে ৩০ জুন তারিখে পি.ডি খাতে অর্থ স্থিতির পরিমাণ ।

জেলার নাম ঃ

| ক্রমিক নং | উপজেলার নাম | লীজকৃত অর্পিত সম্পত্তির মোট পরিমাণ (একরে) | ২০১৪-১৫ অর্থবছরে লীজ নবায়নকৃত অর্পিত সম্পত্তির মোট পরিমাণ (একরে) | ২০১৪-১৫ অর্থ বছরে দাবীর পরিমাণ (টাকায়) | | | ২০১৪-১৫ অর্থ বছরে মোট আদায়ের পরিমাণ (টাকায়) | | | ২০১৪-১৫ অর্থ বছরে ব্যয়ের পরিমাণ | ৩০/০৬/২০১৫ খ্রি. তারিখ পর্যন্ত পিডি খাতে মোট স্থিতির পরিমাণ (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | বকেয়া | হাল | মোট | বকেয়া | হাল | মোট | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| | | | | | | | | | | | | |
| মোট = | | | | | | | | | | | | |

জেলা প্রশাসক/ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

স্বাক্ষর ও নাম সহ সিল

*পরিশিষ্ট খ: ইজারামুল্য বার্ষিক দাবী বিবরণী ।*

ছক

## ----------- অর্থবছরে অর্পিত সম্পত্তির ইজারামুল্য দাবী বিবরণী

জেলার নাম ঃ

| ক্রমিক নং | উপজেলার নাম | লিজ নথি সংখ্যা | লিজযোগ্য মোট সম্পত্তি (একরে) | দাবীর পরিমাণ | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | বকেয়া | হাল | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |
| | মোট = | | | | | | |

জেলা প্রশাসক/ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

স্বাক্ষর ও নাম সহ সিল

*পরিশিষ্ট গ: ইজারামুল্য বার্ষিক আয়-ব্যয় বিবরণী ।*

ছক

## ------------------------ অর্থবছরে অর্পিত সম্পত্তি লিজের মোট আয় ব্যয় বিবরণী

জেলার নাম ঃ

| আয় | ব্যয় | উদ্বৃত্ত (০১-০২) | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| | | | |

জেলা প্রশাসক/ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

স্বাক্ষর ও নাম সহ সিল

*পরিশিষ্ট ঘ: অর্পিত সম্পত্তির বার্ষিক হিসাব বিবরণী*

ছক

## ----------------------------অর্থ বছরে অর্পিত সম্পত্তির বার্ষিক হিসাব বিবরণী

| দাবী | | | আদায় | | | ব্যয় | পি.ডি খাতে জমাকৃত অর্থের পরিমাণ | | ভি.পি কৌশুলীর সংখ্যা | অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনালে মামলার সংখ্যা | | | নিষ্পত্তি | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | পক্ষে | | বিপক্ষে | |
| বকেয়া | হাল | মোট | বকেয়া | হাল | মোট | | পূর্বের জের | হাল | | পূর্বের জের | বিবেচ্য বছরে দায়ের | মোট | মামলার সংখ্যা | জমির পরিমাণ (একরে) | মামলার সংখ্যা | জমির পরিমাণ (একরে) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| | | | | | | | | | | | | | | | | |

জেলা প্রশাসক/ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

স্বাক্ষর ও নাম সহ সিল

*পরিশিষ্ট ৬ : হিসাব বিবরণীসহ চাহিদাপত্র দাখিল*

/

ছক

## ----------------জেলার -------------------- অর্থবছরের চাহিদাপত্র এবং বিগত ---------------- অর্থবছরের বাজেট বরাদ্দের হিসাব বিবরণী

| ক্রমিক নং | খরচের খাতসমূহ | পূর্ববর্তী অর্থবছরের বাজেট বরাদ্দ (----- অর্থবছরে) | পূর্ববর্তী অর্থবছরে খরচ (---------- অর্থবছরে) | পূর্ববর্তী অর্থবছরের উদ্বৃত্ত | ২০১৫-১৬ অর্থবছরের চাহিদা | পূর্ববর্তী অর্থবছরের সাথে সমন্বয়পূর্বক প্রকৃত চাহিদা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |
| | মোট = | | | | | | |

জেলা প্রশাসক/ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

স্বাক্ষর ও নাম সহ সিল

*পরিশিষ্ট* চ : স্থিতি বিবরণী

/

ছক

## জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার প্রত্যয়নপত্র সহ -----------------অর্থ বছরের ৩০শে জুন তারিখ পর্যন্ত পিডি খাতে স্থিতির পরিমাণ

জেলার নামঃ

| জেলার নাম | ২০১৩-১৪ অর্থবছরে পিডি খাতে স্থিতির পরিমাণ | ২০১৪-১৫ অর্থবছরে পিডি খাতে স্থিতির পরিমাণ | ২০১৪-১৫ অর্থবছরে পিডি খাতে খরচ | ৩০/০৬/২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত পিডি খাতে মোট স্থিতির পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
| | | | | | |

৩০/০৬/--------- খ্রিঃ তারিখ পর্যন্ত পিডি খাতে মোট স্থিতির পরিমাণ কথায়: --------------------------------- টাকা।

জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা

--------------- জেলা

স্বাক্ষর ও নাম সহ সিল